# জয়পুরহাট পৌরসভা

জয়পুরহাট।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/ তারিখঃ

## ২নং ওয়ার্ড কমিটি (WC) এর ৫২ তম ত্রৈমাসিক সভার নোটিশ।

সভাপতি ঃ জনাব মোঃ সাহেদুল আহসান, কাউন্সিলর, ওয়ার্ড নং-২, জয়পুরহাট পৌরসভা।

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার ২নং ওয়ার্ডের WC কমিটির সম্মানিত সকল সদস্যকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৭-০৯-২০২০ইং তারিখ, রোজ: সোমবার বেলা-১১.০০ ঘটিকার সময় পৌর মিলনায়তনে নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে কমিটির এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আপনাকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সভার সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর :

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাবা মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত আসন-১, ২ ও ৩, জয়পুরহাট পৌরসভা | সহ-সভাপতি | [signature] |
| ২ | জনাব মোত্তালেবুর রহমান | শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | [signature] |
| ৩ | জনাব মোঃ সোহেল হোসেন | শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | [signature] |
| ৪ | জনাবা মোছাঃ নাজমা বেগম | শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | [signature] |
| ৫ | জনাব মোঃ আজাদ হোসেন | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | [signature] |
| ৬ | জনাবা মোছাঃ লিপি বেগম | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | [signature] |
| ৭ | জনাব শ্রী বিষ্ণু সিং | পেশাজীবি সংগঠন | সদস্য | [signature] |
| ৮ | জনাবা মোছাঃ সেলিমা বেগম | পেশাজীবি সংগঠন | সদস্য | [signature] |
| ৯ | জনাব মোঃ সারোয়ার হোসেন | উপ-সহকারী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | সদস্য সচিব | [signature] |

আলোচ্য বিষয় ঃ

১। গত সভার রেজুলেশন পঠন ও দৃঢ় করণ প্রসঙ্গে।

২। কাভিড-১৯ ''করোনা ভাইরাস'' বিষয়ে সচেতনতা মূলক আলোচনা ।

৩। বিবিধ।

(মোঃ সাহেদুল আহসান সোহেল)
সভাপতি
WC কমিটি ও ২ নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

ওয়ার্ড কমিটি (WC) এর ৫২ তম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।
ওয়ার্ড নং- ০২

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ সাহেদুল আহসান, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০২, জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ | পৌর মিলনায়তন। |
| তারিখ | ঃ | ০৭/০৯/২০২০ ইং। |
| রোজ | ঃ | সোমবার। |
| সময় | ঃ | বেলা ১১.০০ ঘটিকা। |

অদ্য ০৭/০৯/২০২০ইং তারিখ রোজঃ সোমবার সময় বেলা ১১.০০ ঘটিকার সময় পৌর মিলনায়তনে ২নং ওয়ার্ড কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন কমিটির সভাপতি জনাব মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০২ ।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১ নং আলোচ্য সূচী ঃ গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে ঃ**

আলোচনা ঃ সভাপতি মহোদয় গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করণ করা হলো।

২ নং আলোচ্য সূচী ঃ কোভিড-১৯ ''করোনা ভাইরাস'' বিষয়ে সচেতনতা মূলক আলোচনা ।

আলোচনাঃ ওয়ার্ড কমিটির সভাপতি জনাব সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর-০২নং ওয়ার্ড, জয়পুরহাট পৌরসভা এ বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করেন। আলোচনা কালে বলেন, ''করোনা ভাইরাস'' ছড়ায় আক্রান্ত ব্যক্তির হাঁসি, কাশি ও সংস্পর্শে আসলে। তাই আমরা সকলে আক্রান্ত ব্যক্তির সংস্পর্শ এরিয়ে চলবো। আমরা সব সময় বাড়িতে থাকার চেষ্টা করবো এবং কিছুক্ষণ পর পর সাবান, পানি দিয়ে ২০ সেকেন্ড ধরে হাত ধোব। যদি আমাদের কে প্রয়োজনে বাহিরে যেতেই হয়, তাহলে অবশ্যই মাক্স পড়ে ও হ্যান্ড স্যানিটাইজার সংঙ্গে রাখতে হবে। কিছুক্ষণ পর পর হাত স্যানিটাইজ করতে হবে এবং সামাজিক দুরত্ব সর্বনিম্ন ৩ ফুট বজায় রাখতে হবে।

''করোনা ভাইরাস'' এর লক্ষণ সমূহ নিয়ে সভাপতি আরো বলেন, শরীরে জ্বর জ্বর অনুভুতি, হাঁসি ও কাশি, গলা ব্যথা, মাথা ব্যথা ও শ্বাস-প্রশ্বাস হতে পারে। এসব উপসর্গ যদি আপনাদের মধ্যে দেখা যায় তাহলে নিজে সবার থেকে আলাদা হয়ে একা ঘরে থাকবেন। এবং অসুস্থ্য বেশি মনে হলে হাসপাতাল অথবা ডাক্তারের পরামর্শ নিতে হবে।

**সিদ্ধান্ত** ঃ উপস্থিত সকলে কোভিড-১৯ এর সকল স্বাস্থ্য বিধি যথাযথ ভাবে মেনে চলা এবং ওয়ার্ডের প্রতিটি মানুষ কে সচেতন করবেন মর্মে সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩নং আলোচ্য সূচী বিবিধ মোতাবেক আর কোন আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ সাহেদুল আহসান সোহেল)
সভাপতি WC কমিটি ও
২নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/ তারিখ ঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ..................., সদস্য, WC কমিটি, ওয়ার্ড নং-০২
৩। অফিস নথি।

(মোঃ সাহেদুল আহসান সোহেল)
সভাপতি WC কমিটি ও
২নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা
## জয়পুরহাট।

### ওয়ার্ড কমিটি (WC), ওয়ার্ড নং ২ - এর
### ৫২ তম সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা স্বাক্ষর ।

সভাপতি ঃ জনাব মোঃ সাহেদুল আহসান, কাউন্সিলর, ওয়ার্ড নং- ০২, জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।

তারিখ ঃ ০৭/০৯/২০২০ইং।
রোজ ঃ সোমবার।
বেলা ঃ ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর :

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ সাহেদুল আহসান (সোহেল) | কাউন্সিলর, ওয়ার্ড নং- ০২, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | জনাবা মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত আসন-১, ২ ও ৩, জয়পুরহাট পৌরসভা | সহ-সভাপতি | |
| ৩ | জনাব মোত্তালেবুর রহমান | শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | মোত্তালেব |
| ৪ | জনাব মোঃ সোহেল হোসেন | শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | সোহেল |
| ৫ | জনাবা মোছাঃ নাজমা বেগম | শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | নাজমা |
| ৬ | জনাব মোঃ আজাদ হোসেন | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ৭ | জনাবা মোছাঃ লিপি বেগম | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | লিপি |
| ৮ | জনাব শ্রী বিষ্ণু সিং | পেশাজীবি সংগঠন | সদস্য | বিষ্ণু |
| ৯ | জনাবা মোছাঃ সেলিমা বেগম | পেশাজীবি সংগঠন | সদস্য | সেলিমা |
| ১০ | জনাব মোঃ সারোয়ার হোসেন | উপ-সহকারী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | সদস্য সচিব | |